

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক্তার ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
doict.panchari.khagrachhari.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা আইসিটি কমিটির নভেম্বর/২০২৩খ্রি. মাসের কার্যবিবরণী

সভাপতি : জনাব রুবাইয়া আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
সভার স্থান : উপজেলা কনফারেন্স রুম, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
তারিখ : ২৮/১১/২০২৩খ্রি:।
সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হ’ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ডিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকল উপজেলার আইসিটি কমিটির সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক:	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ ক) ইতিমধ্যে নভেম্বর/২৩ মাস পর্যন্ত এ উপজেলায় ওয়েব পোর্টাল হালনাগাদ রিপোর্ট অনুযায়ী দেখা যায় যে নিজ দপ্তর ১০০% এবং সমষ্টিক ৮৯% হালনাগাদ করা হয়েছে যা ইহা একটি ইতিবাচক দিক। খ) ই-নথি প্রশিক্ষণের জন্য ইতিমধ্যে এ উপজেলা হতে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়িতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।	১। সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধানদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। ২। ই-নথি কার্যক্রম সার্বক্ষণিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়। ৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে ও ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়।	১। দপ্তর প্রধান (সকল), পানছড়ি ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পানছড়ি ৩। উদ্যোক্তা (সকল)
২.০	ইউনিয়ন পর্যায়ে POP (Point of Presence) স্থাপন সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বিসিসি’র নিযুক্ত জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ির সহকারী নেটওয়ার্ক প্রকৌশলী অন্যত্র বদলী হওয়ায় Info Sarker প্রকল্প ফেজ-৩ চলমান কাজ জানা যায়নি। বর্তমানে Connected Bangladesh প্রকল্পের সহকারী নেটওয়ার্ক প্রকৌশলীর মাধ্যমে জানা যায় যে, উপজেলার পাঁচ ইউনিয়ন পরিষদে POP রুমস্থাপনের নিমিত্তে জরীপের কাজ চলমান।	১। চলমান কাজের জন্য সহকারী নেটওয়ার্ক প্রকৌশলী’র সাথে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রাখার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। ২। POP এর চলমান কাজ শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পানছড়ি ২। ইউপি চেয়ারম্যান (সকল), পানছড়ি।
৩.০	BTCL কর্তৃক ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ ক) এ উপজেলায় ইতিমধ্যে বিটিসিএল কর্তৃক ইন্টারনেট সংযোগ সকল দপ্তরে প্রদান করা হয়েছে। বর্তমানে ইন্টারনেটের স্পীড কিছুটা স্লো হওয়ার কারণে বিটিসিএল জেলা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে নেটওয়ার্ক স্পীড বাড়ানোর ব্যাপারে আশ্বাস প্রদান করেন।	১। এ ব্যাপারে সহকারী প্রোগ্রামারকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পানছড়ি।
৪.০	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ ক) পানছড়ি উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব ২য় পর্যায়ে মোট ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। পরিদর্শনের মাধ্যমে জানা যায় যে, ল্যাবে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুম করা হয়। ল্যাবের সার্বিক কর্মকাণ্ড সন্তোষজনক।	১। এ ব্যাপারে সহকারী প্রোগ্রামারকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পানছড়ি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(রুবাইয়া আফরোজ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি

পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

ফোন: ০৩৭১৭৬০০২

ইমেইল: unopanchari@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৪৬৭৭.০০১.০৬.০০১.১৯-

তারিখঃ ২৮/১১/ ২০২৩খ্রি:

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৯।
- ১০। অফিস নথি।



(বাবলীখীসা)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

ইমেইলঃ babb.sall@yahoo.com

ও

সদস্য সচিব

উপজেলা আইসিটি কমিটি

পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা